

প্রতিদিন চীনা ভাষা



每日汉语

孟加拉语 02



国家汉办/孔子学院总部
Hanban/Confucius Institute Headquarters



中国国际广播电台
CHINA RADIO INTERNATIONAL

中国国际广播出版社

02

প্রতিদিন চীনা ভাষা
每日汉语

中国国际广播出版社



目录 / সূচীপত্র

第十五课 吃小吃	
পাঠ ১৫ জলখাবার খাওয়া.....	1
第十六课 家庭聚会	
পাঠ ১৬ পারিবারিক পার্টি.....	14
第十七课 宴会	
পাঠ ১৭ ভোজ সভা.....	29
第十八课 在超市	
পাঠ ১৮ সুপার মার্কেটে.....	42
第十九课 水果市场	
পাঠ ১৯ ফল বাজার.....	55
第二十课 二手市场	
পাঠ ২০ পুরোনো বাজার.....	68
第二十一课 电话购物	
পাঠ ২১ টেলিফোনের মাধ্যমে কেনাকাটা.....	81



目录 / সূচীপত্র

第二十二课 在服装店

পাঠ ২২ পোশাক দোকানে 95

第二十三课 在商场

পাঠ ২৩ দোকানপাটে 111

第二十四课 在书店

পাঠ ২৪ বইয়ের দোকানে 125

第十五课 吃小吃

পাঠ ১৫ জলখাবার খাওয়া





ক: সবাই ভালো আছেন? ‘প্রতিদিন চীনা ভাষা’
শেখার আসর শোনার জন্য আপনাদের স্বাগত
জানাই আমি শুয়েই ফেই ফেই।

খ: আমি আবাম ছালাউদ্দিন।

ক: এখন আমরা একসঙ্গে গত পাঠের গুরুত্বপূর্ণ ও
প্রয়োজনীয় কিছু বাক্য পর্যালোচনা করবো।

খ: আচ্ছা। ‘দয়া করে তোমরা একটু অপেক্ষা
করো’ এর চীনা ভাষা হল 请你们等一会儿।

ক: 我们要等多久 মানে আমরা কতক্ষণ অপেক্ষা
করবো?

খ: 我们要等多久?

ক: 等 মানে অপেক্ষা করা।

খ: 等。

ক: 多久 মানে কতক্ষণ।

খ: 多久。

ক: 我们要等多久?

খ: 我们要等多久 মানে আমরা কতক্ষণ অপেক্ষা
করবো?

ক: ‘খাবারের স্বাদ কেমন’ এর চীনা ভাষা হল 味
道怎么样?

খ: 味道怎么样?

ক: 味道 মানে স্বাদ।

খ: সত্যি সুস্বাদু অর্থাৎ 真的很好吃।

ক: 真的 মানে সত্যি।

খ: 真的。

ক: 好吃 মানে সুস্বাদু।

খ: 好吃。

ক: 我吃饱了 মানে আমি পেট ভরে খেয়েছি।

খ: 我吃饱了。

ক: আমরা এখন একসঙ্গে গত পাঠের সব কথোপকথন শুনবো।



完整对话 সম্পূর্ণ কথোপকথন

对话一 প্রথম কথোপকথন

ক: 请你们等一会儿。 দয়া করে তোমরা একটু অপেক্ষা করো।

খ: 我们要等多久? আমরা কতক্ষণ অপেক্ষা করবো?

ক: 大概半个小时吧。 প্রায় আধা ঘন্টা।

对话二 দ্বিতীয় কথোপকথন

ক: 味道怎么样? স্বাদ কেমন?

খ: 真的很好吃。 সত্যি খুব সুস্বাদু।

ক: 还要点什么? আরো কিছু খাবে কি?

খ: 谢谢。我吃饱了。 ধন্যবাদ। আমি পেট ভরে

খেয়েছি।

对话三 তৃতীয় কথোপকথন

ক: 我吃饱了。 আমি পেট ভরে খেয়েছি।

খ: 我也是。这里的菜真好吃。 আমিও।
এখানকার খাবার সত্যি খুব সুস্বাদু।

ক: গত পাঠের বাক্যগুলো আবার পর্যালোচনা
করলাম। এখন আমরা আজকের নতুন বাক্যগুলো
শুনবো।



今日关键 আজকের মূল বাক্য

Nǐ men xǐ huan chī là de ma?

你们喜欢吃辣的吗? তোমরা ঝাল খাবার

খেতে পছন্দ করো কি?

Wǒ xǐ huan chī yáng ròu chuàn.

我喜欢吃羊肉串。 আমি খাসির কাবাব

খেতে পছন্দ করি।

Zhè lǐ miàn shì shén me?

这里面是什么? এর ভিতরে কী কী আছে?

Wǒ men qù mǎi diǎn yǐn liào ba.

我们去买点饮料吧。চলুন আমরা কিছু

পানীয় কিনতে যাই।

খ: গত পাঠের ‘চীনের সংস্কৃতির কথায়’ আমরা উল্লেখ করেছিলাম চীনের সিছুয়ান ও হুনানসহ কিছু অঞ্চলের খাবারে খুব ঝাল। পেইচিংয়ে অনেক মহিলারাই ঝাল খাবার খেতে পছন্দ করেন। ফলে এ বাক্য শেখা দরকার, অর্থাৎ ‘তোমরা ঝাল খাবার খেতে পছন্দ করো কি’ এ বাক্যের চীনা ভাষা শেখা আমার খুব দরকার।

ক: আপনি বলতে পারেন 你们喜欢吃辣的吗?

খ: 你们喜欢吃辣的吗?

ক: 你们 মানে তোমরা।

খ: 你们。

ক: 喜欢 মানে পছন্দ করা।

খ: 喜欢。

ক: 吃 মানে খাওয়া।

খ: 吃。

ক: 辣的 মানে ঝাল।

খ: 辣的。

ক: 吗 একটি চালু শব্দ।



খ: 吗。

ক: ‘তোমরা কি ঝাল খাবার খেতে পছন্দ করো’
এর চীনা ভাষা হল 你们喜欢吃辣的吗?

খ: 你们喜欢吃辣的吗?

ক: এখন আমরা প্রথম কথোপকথন শুনবো।

对话一 প্রথম কথোপকথন

ক: 你们喜欢吃辣的吗? তোমরা ঝাল খাবার
খেতে পছন্দ করো কি?

খ: 喜欢。পছন্দ করি।

খ: এ বাক্যটি ভালভাবে মনে রাখার জন্য পুনরায়
অনুশীলন করা দরকার। তোমরা কি ঝাল খাবার
খেতে পছন্দ করো? 你们喜欢吃辣的吗?

ক: ঠিক বলেছেন। 你们喜欢吃辣的吗? 喜欢
মানে পছন্দ করা।

খ: 喜欢。

ক: 辣的 মানে ঝাল।

খ: আমি খাসির কাবাব খেতে পছন্দ করি। বিশেষ
করে গ্রীষ্মকালের সন্ধ্যায় বন্ধুদের সঙ্গে একসাথে
খাসির কাবাব খেতে অনেক মজা। আপনি বলতে
পারেন 我喜欢吃羊肉串 মানে আমি খাসির
কাবাব খেতে পছন্দ করি।

ক: আমরা এখন রেকর্ডিং রুমে অনুষ্ঠান তৈরী করছি
তাই না? সেটা পরের কথা।

খ: আমি জানতে চাই 'আমি খাসির কাবাব খেতে
পছন্দ করি' এর চীনা ভাষা কী হবে?

ক: আপনি বলতে পারেন 我喜欢吃羊肉串।

খ: 我喜欢吃羊肉串。

ক: 我 মানে আমি।

খ: 我。

ক: 喜欢 মানে পছন্দ করা।

খ: 喜欢。

ক: 吃 মানে খাওয়া।

খ: 吃。

ক: 羊肉串 মানে খাসির কাবাব।

খ: 羊肉串。

ক: 串 এখানে পরিমাণ ব্যাখ্যা করা যায়, এর অর্থ
থোকাকার মত।

খ: 串。

ক: 羊肉串 মানে খাসির কাবাব।

খ: 羊肉串。

ক: 我喜欢吃羊肉串。

খ: 我喜欢吃羊肉串 এর অর্থ হলো আমি খাসির
কাবাব খেতে পছন্দ করি।

对话二 দ্বিতীয় কথোপকথন

ক: 你想吃什么? তুমি কী খেতে চাও?

খ: 我喜欢吃羊肉串。আমি খাসির কাবাব খেতে পছন্দ করি।

ক: 喜欢 মানে পছন্দ করা।

খ: 喜欢。

ক: 吃 মানে খাওয়া।

খ: 吃。

ক: 羊肉串 মানে খাসির কাবাব।

খ: 羊肉串。

ক: ‘আমি খাসির ঝলসানো মাংস খেতে পছন্দ করি’ এর চীনা ভাষা হলো 我喜欢吃羊肉串।

খ: সহজভাবে দেখা যায় যে, খাসির ঝলসানো মাংস আসলে খাসির মাংস দিয়ে তৈরী করা। তাহলে অন্যান্য খাবারের ভেতরে কী কী তৈরী করা হবে? যেমন ডাম্পলিংয়ের ভেতরে কী কী থাকে এর চীনা ভাষা কী হবে?

ক: আপনি বলতে পারেন 这里面是什么?

খ: 这里面是什么?

ক: 这 মানে এটি, এটা।

খ: 这。

ক: 里面 মানে ভেতর।

খ: 里面。

ক: 是 মানে হওয়া।

খ: 是。

ক: 什么 মানে কী কী।

খ: 什么。

ক: 这里面是什么?

খ: 这里面是什么 মানে ভেতরে কী কী আছে?

对话三 তৃতীয় কথোপকথন

ক: 这里面是什么? এর ভিতরে কী কী আছে?

খ: 我也不知道。আমিও জানি না।

খ: ‘চলুন, আমরা কিছু পানীয় কিনতে যাই’ এর
চীনা ভাষা কী হবে?

ক: আপনি বলতে পারেন 我们去买点饮料吧।

খ: 我们去买点饮料吧。

ক: 我们 মানে আমরা।

খ: 我们。

ক: 去 মানে যাওয়া।

খ: 去。

ক: 买 মানে কেনা।

খ: 买。

ক: 点 মানে অল্প কিছু।

খ: 点。

ক: 饮料 পানীয়।

খ: 饮料。

ক: 吧 একটি চালু শব্দ।

খ: 吧。

ক: 我们去买点饮料吧。

খ: 我们去买点饮料吧 মানে আমরা কিছু পানীয় কিনতে যাই।

对话四 চতুর্থ কথোপকথন

ক: 我们去买点饮料吧。 আমরা কিছু পানীয় কিনতে যাই।

খ: 你喜欢红茶还是绿茶? তুমি লাল চা নাকি সবুজ চা পছন্দ করো?

ক: 红茶。 লাল চা।

ক: 饮料 মানে পানীয়।

খ: 饮料。

ক: ‘ভেতরে কী কী আছে’ এর চীনা ভাষা হলো 这里面是什么?

খ: 这里面是什么?

ক: 我喜欢吃羊肉串。

খ: 我喜欢吃羊肉串 মানে আমি খাসির কাবাব খেতে পছন্দ করি।

ক: 你们喜欢吃辣的吗?

খ: 你们喜欢吃辣的吗 মানে তোমরা কি ঝাল খাবার খেতে পছন্দ করো?

ক: এটা হল আজকের সর্বশেষ কথোপকথন। আগের মত চীনের সংস্কৃতির কথা শোনার আগে আমরা সব কথোপকথন আবার শুনবো।



完整对话 সম্পূর্ণ কথোপকথন

对话一 প্রথম কথোপকথন

ক: 你们喜欢吃辣的吗? তোমরা ঝাল খাবার খেতে পছন্দ করো কি?

খ: 喜欢。পছন্দ করি।

对话二 দ্বিতীয় কথোপকথন

ক: 你想吃什么? তুমি কী খেতে চাও?

খ: 我喜欢吃羊肉串。 আমি খাসির কাবাব খেতে পছন্দ করি।

对话三 তৃতীয় কথোপকথন

ক: 这里面是什么? এর ভিতরে কী কী আছে?

খ: 我也不知道。আমিও জানি না।

对话四 চতুর্থ কথোপকথন

ক: 我们去买点饮料吧。আমরা কিছু পানীয় কিনতে যাই।

খ: 你喜欢红茶还是绿茶? তুমি লাল চা না সবুজ চা পছন্দ করো?

ক: 红茶。লাল চা।



চীনের সংস্কৃতির কথা

চপস্টিকস ও কাঁটা চামচ নিয়ে কিছু পন্ডিত গবেষণা করেছেন। কেউ মনে করেন, চীন একটি কৃষি প্রধান দেশ। উদ্ভিদ হচ্ছে চীনাদের প্রধান খাবার। চপস্টিকস দিয়ে খেতে সুবিধা। কিন্তু পশ্চিমা দেশের মানুষ প্রধানত যাযাবর জাতির। তাদের প্রধান খাবার হচ্ছে মাংস। ছুরি ও কাঁটাচামচ দিয়ে মাংস খেতে সুবিধা।

তা ছাড়া চীনারা গোল টেবিলে খাবার খেতে পছন্দ করেন। মানুষরা একই প্লেট থেকে চপস্টিকস দিয়ে খাবার নেন। চপস্টিকস দিয়ে একবার কেবল সীমিত পরিমাণ খাবার নেয়া যায়। এভাবে একসাথে

খাওয়ার পরিবেশ বজায় থাকে এবং নিজের স্বার্থেরও ক্ষতি হয় না। পাশ্চাত্য দেশের লোকেরা কেবল নিজের প্লেটের খাবার খান।

এখানে আরেকটি কথা উল্লেখ করতে হয়। চীনারা ভাত ভরা বাটির মধ্যে চপস্টিকস দাঁড় করিয়ে রাখা বা চামচ দিয়ে বাটির ওপর টুং টুং আওয়াজ করা অপছন্দ করেন।

ক: আজকের পাঠ প্রায় শেষ হতে যাচ্ছে। আগের মত আমরা শ্রোতা বন্ধুদের আজও একটি ছোট পরীক্ষা নেবো। ‘তোমরা কি ঝাল খাবার খেতে পছন্দ করো’ এ কথার চীনা ভাষা কী হবে?

খ: সঠিক উত্তরটি নিশ্চয়ই জেনে গেছেন, তাহলে আমাদের ইমেইল ঠিকানায় পাঠিয়ে দিন। আমাদের ইমেইলের ঠিকানা হল ben@cri.com.cn।

ক: সংশ্লিষ্ট আরো বেশি বিশেষ তথ্য জানতে চাইলে আমাদের ওয়েবসাইট খুলুন। আমাদের ওয়েবসাইটের ঠিকানা হল bengali.cri.cn। আজ এখানেই বিদায় নিচ্ছি।

খ: 再见。